# মাআরিফুল কুরআনের গল্প-ঘটনা

মুফতি মুহাম্মদ শফি রহ.-এর সুবিখ্যাত তাফসিরগ্রন্থ
মাআরিফুল কুরআনের ঘটনাসমূহের অনবদ্য সংকলন

# মাআরিফুল কুরআনের গল্প-ঘটনা

মূল
মুফতি মুহাম্মদ শফি রহ.

অনুবাদ
মুফতি শাফি বিন নুর.

মাকতাবাতুল হাসান



**মাআরিফুল কুরআনের গল্প-ঘটনা**
**প্রথম সংস্করণ :** অক্টোবর ২০১৮
**গ্রন্থস্বত্ব :** প্রকাশক কর্তৃক সংরক্ষিত
মাকতাবাতুল হাসানের পক্ষে প্রকাশক মো. রাকিবুল হাসান খান কর্তৃক প্রকাশিত
ও শাহরিয়ার প্রিন্টার্স, ৪/১ পাটুয়াটুলি লেন, ঢাকা থেকে মুদ্রিত।
**প্রকাশনায়**
**মাকতাবাতুল হাসান**
**প্রধান বিক্রয়কেন্দ্র**
মাদানীনগর মাদরাসা রোড, চিটাগাং রোড, নারায়ণগঞ্জ।
✆ ০১৭৮৭০০৭০৩০
**প্রচ্ছদ :** হাবীব খান

**ISBN :** 978-984-8012-10-9

**মূল্য : ২৫০/- টাকা মাত্র**

**Mareful Quraner Golpo Ghotona**
by Mufti Muhammad Shofi (Rh)
Published by : Maktabatul Hasan. Bangladesh
E-mail : rakib1203@gmail.com
Facebook/maktabahasan

## ■ অ র্প ণ

...নববি জমানা থেকে আজ পর্যন্ত যারা আল কুরআনের মহান খেদমতে নিবেদিত আছেন, আগামীদিনেও যারা থাকবেন এই কর্মে মশগুল, তাদের তরে এই নিবেদন।

–অনুবাদক



©
প্রকাশক

প্রকাশকের লিখিত অনুমতি ছাড়া এ বইয়ের কোনো অংশের পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনো যান্ত্রিক উপায়ে প্রতিলিপি করা যাবে না, ডিস্ক বা তথ্যসংরক্ষণের কোনো যান্ত্রিক পদ্ধতিতে উৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এ শর্তের লঙ্ঘন আইনী দৃষ্টিকোণ থেকে দণ্ডনীয়।

# সূ চি প ত্র

**বিষয়** **পৃষ্ঠা**


নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শ্রেষ্ঠ মুজিযা আল-কুরআন........ ১৪
অনুবাদকের আরজ ........ ১৫
কুরআনের গল্প : গল্পের কুরআন ........ ১৭
আল-কুরআন একটি জীবন্ত, চিরন্তন ও শাশ্বত মুজিযা........ ১৯
ইসলাম ও ইসলামের নবীর সঙ্গে আরবের শত্রুতা ........ ১৯
ঘটনা : এক ........ ২১
ঘটনা : দুই........ ২১
ঘটনা : তিন........ ২২
ঘটনা : চার ........ ২৩
আরবনেতা আসাদ ইবনে যুরারার স্বীকৃতি ........ ২৩
আবু জাহেল, আখনাস ও আবু সুফিয়ানের কুরআন শ্রবণ........ ২৪
হজরত যুবাইর ইবনে মুতঈমের ইসলাম গ্রহণ ........ ২৫
সুলাইমান ইবনে আবদুল মালেকের দরবারে তাবেঈ হজরত আবু হাযেম........ ২৬
গোবৎস নির্মাতা সামেরির সেই ঘটনা ........ ৩০
তুর পাহাড়ে মুসা আলাইহিস সালাম এবং তাঁর অবাধ্য কিছু উম্মত........ ৩১
তীহ প্রান্তরের দুটি ঘটনা ........ ৩২
অবাধ্যতার পরিণাম ........ ৩৩
ইহুদিদের অবয়ব বিকৃতির ঘটনা ........ ৩৩
আউস ও খাযরাজ এবং দু'রূপী দুই গোত্র........ ৩৪
হারুত ও মারূতের বিবরণ........ ৩৫
হজরত আলি রাজিয়াল্লাহু আনহু-এর একটি ঘটনা ........ ৩৯
ইহুদিরা যখন হজরত ইয়াহইয়া আলাইহিস সালাম-কে হত্যা করে ফেলে ........ ৪০
হজরত ইবরাহিম আলাইহিস সালাম : পরীক্ষা ও পুরস্কার ........ ৪০
হজরত ইবরাহিম আলাইহিস সালাম-এর মাতৃভূমি ত্যাগ........ ৪২
ইবরাহিমের মক্কা হিজরত এবং বায়তুল্লাহ নির্মাণ........ ৪৫
পুনর্জীবন প্রত্যক্ষের জন্য হজরত ইবরাহিমের দরখাস্ত........ ৪৬




**বিষয়** **পৃষ্ঠা**

## সুরা আলে ইমরান


হজরত বিবি মারয়াম আলাইহিস সালাম ........ ৪৭
আমলের উদ্যমে সাহাবায়ে কেরাম রাজিয়াল্লাহু আনহুম ........ ৪৯
কাবাগৃহ নির্মাণের ইতিহাস........ ৫০
রাগ দমন : একটি আশ্চর্য ঘটনা........ ৫২
রাগ দমন এবং ক্ষমা ও উদারতায় ইমাম আজম রহ. ........ ৫৩
সাহাবায়ে কেরামের সাথে নবীজির পরামর্শ........ ৫৩


## সুরা নিসা


রাসুলের রওজা থেকে আওয়াজ এলো–তোমাকে ক্ষমা করা হয়েছে........ ৫৫
জান্নাতে মুলাকাত ও সাক্ষাৎ : মর্ম ও রূপরেখা........ ৫৫
নবীজির সান্নিধ্য এবং বন্ধুত্ব কোনো শ্রেণি-বর্ণ ও গোত্রের ওপর নির্ভরশীল নয়........ ৫৭
মৃত্যু তোমার হবেই হবে : একটি ঘটনা........ ৫৮
শান্তির অভিবাদন সালাম এবং নবীজির ঘটনা ........ ৬০
মুসলিম কিনা বোঝার জন্য ইসলামের আলামতই যথেষ্ট........ ৬১
ইসা আলাইহিস সালাম-এর ব্যাপারে ইহুদিরা কীভাবে ধাঁধায় পড়ল........ ৬২


## সুরা মায়িদা


উমর রাজিয়াল্লাহু আনহু-এর সাথে ইহুদি আলেমদের প্রতারণা ও আফসোসের ঘটনা ........ ৬৩
একটি বিস্ময়কর ঘটনা ........ ৬৩
কুদরতি হেফাজত : কাফেরের হাত হতে রক্ষা ........ ৬৪


## ইসরাইলিদের অতীত বিবরণী ও ঘটনার ক্রমধারা


বনি ইসরাইলের অঙ্গীকার ভঙ্গের একটি ঘটনা........ ৬৫
বনি ইসরাইলের আরও কাহিনি........ ৬৬
হাবিল কাবিলের ঘটনা........ ৭০


## ধর্মত্যাগী-মুরতাদ


নববি যুগ এবং কয়েকটি ঘটনা ........ ৭২
জ্বলে গেল খ্রিষ্টান, প্রসঙ্গ : আজানের সাথে বেআদবি........ ৭৫
সতর্কবাণী, প্রসঙ্গ : পাপ কাজে ঘৃণা প্রকাশ না করা........ ৭৬
আল্লাহর সামনে নবী ইসা আলাইহিস সালাম........ ৭৬
উম্মাহর জন্য নবীজির দরদ ও মায়া ........ ৭৭

**বিষয়** **পৃষ্ঠা**


মিথ্যার পরিণাম ........................................ ৭৮
নবীজির প্রতি কাফেরদের বিদ্বেষী আচরণ ........................................ ৭৯

**সুরা আরাফ**

একটি আয়াতের অর্ধাংশে আল্লাহ তাআলা চিকিৎসাবিজ্ঞান এবং কৌশলবিজ্ঞানকে সন্নিবেশিত করে দিয়েছেন ........................................ ৮০
হজরত হুদ আলাইহিস সালাম এবং আদ সামুদের সংক্ষিপ্ত ইতিহাস ...... ৮১
সামুদ জাতি ও হজরত সালেহ আলাইহিস সালাম-এর ঘটনা .............. ৮৪
হজরত লুত আলাইহিস সালাম এবং তাঁর ব্যভিচারী সম্প্রদায় ............. ৮৯
হজরত শুয়াইব আলাইহিস সালাম-এর ইতিহাস ............................. ৯৩
মুসা আলাইহিস সালাম ও বনি ইসরাইল প্রসঙ্গ : গোবৎস নির্মাণ, পূজাপর্বন এবং অবাধ্যতা ........................................ ৯৯
মুসা আলাইহিস সালাম তাওরাত কিতাবে রাসুলের আলোচনা .............. ১০৬
নবীজির আজমত ও মহত্ত্ব ........................................ ১০৭
শানে সিদ্দীকি ........................................ ১০৮
একটি শিক্ষণীয় ঘটনা এবং বনি ইসরাইলের এক আলেমের পথভ্রষ্টতা ... ১০৯
আল্লাহর হুকুমের সামনে হজরত উমরের আত্মনিবেদন .................... ১১১
জিকিরে উপযোগী পন্থা ........................................ ১১২

**সুরা ইউনুস**

হজরত ইউনুস আলাইহিস সালাম-এর ইতিহাস ............................. ১১৩

**সুরা হুদ**

হজরত আবু মুসা ও আবু মালেক রাজিয়াল্লাহু আনহুমা প্রসঙ্গ : রিজিকের ঘটনা ........................................ ১১৭
হজরত মুসা আলাইহিস সালাম প্রসঙ্গ : রিজিক প্রাপ্তি ........................ ১১৮
কাফের কোনো ভালো কাজ করলে প্রতিদান দুনিয়াতেই পেয়ে যাবে ..... ১১৯
হজরত ইবরাহিমের সন্তান লাভ ........................................ ১১৯
নবী ইবরাহিমের মেহমানদারীর একটি ঘটনা ................................ ১২০

**সুরা ইউসুফ**

নবী ইউসুফ আলাইহিস সালাম এবং জুলেখার বিবাহ ......................... ১২২
সাধারণ মানুষের প্রতি ইউসুফ নবী আলাইহিস সালাম-এর দয়া ও অনুগ্রহ .......... ১২৩
বদনজরে আসর হয় কথাটা সত্য ........................................ ১২৩
হজরত ইউসুফের ওপর চুরির অপবাদ বাস্তব কথাটা কী ...................... ১২৪




**বিষয়** **পৃষ্ঠা**


হজরত ইয়াকুব আলাইহিস সালাম-এর একটি ঘটনা .......................... ১২৫

**সুরা ইবরাহিম**

হজরত ইবরাহিমের দোয়া ........................................ ১২৬

**সুরা নাহল**

হজরত আকসাম ইবনে সাইফির ইসলাম গ্রহণ ................................ ১২৭

**সুরা বনি ইসরাইল**

ইবনে কাসিরের বর্ণনায় মেরাজের সংক্ষিপ্ত ইতিহাস .......................... ১২৯
একজন অমুসলিমের সাক্ষ্যদান প্রসঙ্গ : মেরাজের ঘটনা ....................... ১৩০
বাইতুল মুকাদ্দাস এবং ইহুদি জাতি বনি ইসরাইলের সংক্ষিপ্ত কিছু ঘটনা ১৩২
একটি আশ্চর্য ঘটনা ........................................ ১৩৪
মনে রাখার মতো একটি ঘটনা ........................................ ১৩৬
দুশমনের দৃষ্টি থেকে গোপন থাকার আমল এবং কয়েকটি ঘটনা ........... ১৩৬
হজরত মুসা আলাইহিস সালাম-এর নয় নিদর্শন ............................... ১৩৮
অসুস্থতা ও দরিদ্রতা দূর করার আমল ........................................ ১৩৯

**সুরা কাহাফ**

আসহাবে কাহাফের কাহিনি ........................................ ১৪০
আসহাবে কাহাফের অবস্থা ছড়িয়ে পড়ল শহরময় ............................. ১৪২
সাহাবাযুগে আসহাবে কাহাফের আরেকটি ঘটনা .............................. ১৪৫
মুসা আলাইহিস সালাম এবং খিজির আলাইহিস সালাম-এর ঘটনা ......... ১৪৫
দাজ্জাল এবং ইয়াজুজ মাজুজের আগমন ........................................ ১৪৯

**সুরা তহা**

হজরত উমরের ইসলাম গ্রহণ ........................................ ১৫২
হজরত মুসার আবির্ভাব ও বেড়ে উঠা ইমাম নাসায়ির সনদে হাদিসে ফুতুন......... ১৫৩
জালেমের হাতে ইবরাহিম পত্নী ........................................ ১৫৯
যে বিচার দাউদ ও সুলাইমান আলাইহিস সালাম-এর কাছে পেশ করা হয় .......... ১৬০
সবরের প্রবাদপুরুষ নবী আইয়ুব আলাইহিস সালাম-এর ইতিহাস ........... ১৬১
যুলকিফলের ইতিহাস ........................................ ১৬৩

বিষয় পৃষ্ঠা

**সুরা লোকমান**

হজরত লোকমান আলাইহিস সালাম এর ঘটনা প্রসঙ্গ : সত্য বলা এবং অল্প কথার উপকারিতা ............ ১৬৫

**সুরা সাবা**

হজরত দাউদ আলাইহিস সালাম প্রসঙ্গ : বর্ম নির্মাণের কৌশল শিক্ষাদান ..... ১৬৬
সুলাইমান আলাইহিস সালাম-এর মৃত্যুর আশ্চর্য ঘটনা ............ ১৬৭
ভেঙে গেল বাঁধ : সাবা সম্প্রদায় ............ ১৬৮
একজন পাদরি ও সাবা সম্প্রদায়ের বিচ্ছন্নতা ............ ১৬৯

**সুরা ইয়াসিন**

শহরের প্রান্ত থেকে আগন্তুক সেই লোকটি ............ ১৭০

**সুরা সাফফাত**

একজন জান্নাতি এবং তার কাফের বন্ধু ............ ১৭১
হজরত ইলিয়াসের আলাইহিস সালাম-এর কাহিনি ............ ১৭৩

**সুরা মুমিন**

আশ্চর্য দুটি ঘটনা, প্রসঙ্গ : সুরা মুমিন ............ ১৭৫

**সুরা হামিম সিজদাহ**

নবীজির সামনে কাফেরদের প্রস্তাব ............ ১৭৭

**সুরা আহকাফ**

যেভাবে ঈমান গ্রহণ করল জিন জাতি ............ ১৮০

**সুরা কমার**

গগনে চাঁদ দ্বিখণ্ডিত : নবীজির মুজিযা ............ ১৮১

**সুরা ওয়াকিয়াহ**

বিদায় বেলা আবদুল্লাহ ইবনে মাসউদের নসিহত ............ ১৮২

**সুরা হাশর**

পরস্বার্থপরতার ছবি : সাহাবা জীবনের আলোকরেখা ............ ১৮৩

**সুরা জিন**

একজন জিন সাহাবি ............ ১৮৬



বিষয় পৃষ্ঠা

হজরত রাফে ইবনে উমাইর ইসলাম গ্রহণ করলেন একজন জিনের উসিলায় ........ ১৮৬

**সুরা ফালাক ও নাস**

নবীজি জাদুগ্রস্ত যন্ত্রণা কাতর-অসুস্থ ............ ১৮৮

## বিশ্বনন্দিত ইসলামি ব্যক্তিত্ব ও ফকিহ আল্লামা মুফতি তাকি উসমানি দা. বা.-এর অভিব্যক্তি

بسم الله الرحمن الرحيم

الحمد الله وكفى وسلام على عباده الذين اصطفى. أما بعد-

প্রিয় ও সম্মানিত, জনাব মাওলানা খালেদ মাহমুদ [সাল্লামাহুল্লাহ] মাআরিফুল কুরআন-এর মধ্যে লিখিত সব ঘটনা ও কাহিনি একত্র করে এ গ্রন্থখানি তৈরি করেছেন। আশা করি, ইনশাআল্লাহ পাঠকের জন্য গ্রন্থটি উপকারী হবে। আল্লাহ তাআলা তার এই খেদমত সকলের জন্য উপকারী করুন এবং কবুল করে নিন, আমিন।

الله ولي التوفيق

মুহাম্মদ তাকি উসমানি

জামিআ দারুল উলুম করাচি, পাকিস্তান

১৮ রমজান, ১৪২০



## নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শ্রেষ্ঠ মুজিযা আল-কুরআন

কুরআনুল কারিমের সুরা বাকারার ২৩ নং আয়াতে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সর্বাপেক্ষা বড় মুজিযা হিসেবে অভিহিত করা হয়েছে কুরআনুল কারিমকে। আর এর মাধ্যমেই নবীজির রিসালাত ও সত্যবাদিতার দলিল পেশ করা হয়েছে। সত্যি বলতে কী, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মুজিযার তো কোনো শেষ নেই। প্রত্যেকটি মুজিযা অত্যন্ত বিস্ময়কর ও আশ্চর্যজনক। তবুও বলে দেওয়া হয়েছে যে, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সর্বশ্রেষ্ঠ মুজিযা হচ্ছে আল-কুরআন। কুরআনে সুরা বাকারার ২৩ নং আয়াতে কাফেরদের লক্ষ্য করে বলা হয়েছে–'কুরআনের মতো একটি সুরা রচনা করে নিয়ে এসো। এ কাজে তোমাদের সকল সাহায্যকারীকেও সঙ্গে নাও। এক আল্লাহ ছাড়া, যদি তোমরা তোমাদের দাবিতে সত্যবাদি হও'।

কাফেররা বলত কুরআন আল্লাহর কালাম নয়। এটি মুহাম্মদের জাদুমন্ত্র। কখনো বলত এটি কবিতা। আর কখনো বলত, এটি উন্মাদের প্রলাপ। কাফেরদের এমন অসার দাবির কারণেই আল্লাহ কাফেরদের প্রতি এই চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছেন। যুগ-যুগান্তরের জন্য এই চ্যালেঞ্জ! এই চ্যালেঞ্জ চিরকালের জন্য।

কিন্তু চ্যালেঞ্জটি অতীতে কেউ গ্রহণ করেনি এবং এর মোকাবেলা করেনি; বরং করতে পারেনি। কুরআনের সমতুল্য কোনো আয়াত কেউ তৈরি করতে পারবে না, অতীতেও পারেনি, আর ভবিষ্যতেও সম্ভব হবে না। এটি একটি চলমান চ্যালেঞ্জ। সর্বযুগের জন্য এই চ্যালেঞ্জ উন্মুক্ত রাখা হয়েছে।

এই অব্যর্থ ও অকাট্য শাশ্বত কুরআনকেই নবীজির শ্রেষ্ঠ মুজিযা বলে অভিহিত করা হয়েছে। যার মতো একটি আয়াত নির্মাণ করার চ্যালেঞ্জ আজও কেউ গ্রহণ করে এবং কার্যকর করে দেখাতে পারেনি।

## অনুবাদকের আরজ

বিসমিল্লাহির রাহমানির রাহিম

نحمده ونصلى على رسوله الكريم، أما بعد!

শত সহস্র শুকরিয়া মহান আল্লাহর দরবারে। অগণন দরূদ ও সালাম প্রিয়তম হজরত সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রওজায়ে আতহারে। আর সাহাবায়ে কেরাম, তাবেইন, তাবে তাবেইন আইম্মায়ে মুজতাহিদীন, যুগ পরম্পরায় বিগত ইলমের ধারকবাহক উলামায়ে কেরামের প্রতি নিবেদন করছি সশ্রদ্ধ সালাম। আল্লাহ তাআলা সকলকে জাযায়ে খায়ের দান করে, আমিন।

সুধী! আমাদের উলামায়ে কেরামের কাতারে সবচেয়ে বেশি সাফল্যের ইতিহাস গড়েছেন যাঁরা, আল্লামা মুফতি মুহাম্মদ শফি রহ. তাদের অন্যতম মহান পুরুষ। ইলমের ময়দানে তাঁর খেদমত অসীম ও অতুলনীয়। আল-কুরআনের তাফসির বিষয়ে তাঁর লিখিত *'তাফসিরে মাআরিফুল কুরআন'* তাঁকে বিশ্বজোড়া খ্যাতি দান করেছে। অতি সাধারণ মানুষদের জন্যও সুখপাঠ্য এই তাফসিরগ্রন্থ! এ গ্রন্থে তিনি বড় চমৎকারভাবে সহজ সাবলীল ভাষা ও ভঙ্গিমায় খুলে খুলে উপস্থাপন করেছেন কুরআনের সুব্যাখ্যা! প্রতিটি কথার সাথেই তিনি হাদিসের বিশাল ভান্ডার থেকে কুড়িয়ে এনেছেন দলিল-প্রমাণ আর মাসআলা। সে কথা তো বলতেই হয় না। একজন বিজ্ঞ মুফতি তিনি, সে স্বাক্ষর রেখেছেন তার এ গ্রন্থের পাতায় পাতায়। সবচেয়ে মজার ব্যাপার হলো–কুরআনের যেখানে যেখানে প্রসঙ্গক্রমে ঘটনা-কাহিনি এসেছে, আল্লামা শফি রহ. সেগুলো সহিহ হাদিস, ইতিহাসের সঠিক মর্মবাণী আর সেই সহজ লেখনী শৈলীতে সাজিয়েছেন বড় দারুণ ও চমৎকারভাবে। ফলে কালের আবর্তে লোক মুখে প্রচারিত ভ্রান্ত যে জ্ঞান আমাদের তৈরি হয়েছে নানা রকম ঐতিহাসিক ঘটনা নিয়ে, সেই ভ্রান্তিগুলো দূর করার একটি সহজ ও প্রামাণ্যগ্রন্থরূপেই পরিণত হয়েছে আমাদের আলোচ্য এই "মাআরিফুল কুরআন" গ্রন্থটি! আরও লক্ষ করার বিষয় হলো–কালোত্তীর্ণ মহাপুরুষ এই আল্লামা নিজের পক্ষ থেকে এই তাফসিরগ্রন্থে মনগড়া কোনো কথা বা ব্যাখ্যা-বক্তব্য জুড়ে



দেননি; বরং প্রসঙ্গক্রমেই নানা মত ও বর্ণনার মধ্য থেকে শক্তিশালী মত ও বর্ণনাটিকেই তিনি এই গ্রন্থে স্থান দিয়েছেন। তাই আমরা যখন এই তাফসিরগ্রন্থ পাঠ করি, তখন দেখি পাতায় পাতায় কোথাও তিনি ইবনে কাসিরের উদ্ধৃতি দিচ্ছেন, কোথাও তিনি বগভি, জাওযি ও কুরতুবির উদ্ধৃতি দিচ্ছেন, কোথাও সাহাবি-তাবেঈর বক্তব্য উপস্থাপন করছেন। আর প্রায় জায়গায় তো বরাতও দিয়েছেন–তাফসিরে বয়ানুল কুরআন, মাযহারি ও রুহুল বয়ানের। ফলে এ গ্রন্থটি পরিণত হয়েছে অন্য দশটির চেয়ে অনন্য ও অনুপম গ্রন্থে। উজ্জ্বল হয়েছে অমলিন বিভায়।

পাঠক এবার শুনুন! আমরা আপনার হাতে যে বইটি এখন তুলে দিচ্ছি, এটি নিতান্ত অন্য কোনো বই বা গ্রন্থ নয়; বরং সেই তাফসিরে মাআরিফুল কুরআনের গল্প-ঘটনা ও কাহিনিসমূহের একটি অনবদ্য সংকলনগ্রন্থ।

মূল লেখক তো আমাদের প্রিয় ও শ্রদ্ধেয় সেই মানুষটি, কালজয়ী মহান পুরুষ আল্লামা মুফতি শফি রহ.।

তবে গল্পগ্রন্থটি সংকলন করেছেন মাওলানা খালেদ মাহমুদ! *'কাসাসে মাআরিফুল কুরআন'* নামে সংকলিত গ্রন্থটিরই অনূদিত রূপ এই **'মাআরিফুল কুরআনের গল্প-ঘটনা'** গ্রন্থটি।

সংকলনে কিছুটা 'এদিক সেদিক ছিল; অনুবাদের ক্ষেত্রে মূল মাআরিফুল কুরআন দেখে সমস্যাটুকুর সম্পূরণ ঘটানো হয়েছে। তবে কলেবরের দিকেও দৃষ্টি রাখা হয়েছে সচেতনভাবে।

প্রিয় সুধী! বইটির প্রকাশনা ও সংশ্লিষ্ট সকল কাজে যারা যেভাবে সহায়তা করেছেন সকলকে আল্লাহ তাআলা উত্তম বিনিময় দান করুন। লেখক, অনুবাদক ও পাঠকের জন্য বইটি দুনিয়া ও আখিরাতের কল্যাণ নিয়ে আসুক। আমিন! ইয়া রাব্বাল আলামিন!

**বিনীত**
**শাফি বিন নুর.**
দাওরা হাদিস : জামিআ রাহমানিয়া আরাবিয়া
মুহাম্মদপুর, ঢাকা